গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অর্ডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
web:www.modmr.gov.bd

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৭-৪২৪ তারিখঃ ১৪/১/২০১৮খ্রিঃ
সময়ঃ দুপুর ১২.০০টা

**বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন**

সমূদ্রবন্দর সমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্রবন্দর সমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

**নদীবন্দর সমূহের জন্য** সতর্ক সংকেতঃ দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই।

পূর্বাভাসঃ অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে।

কুয়াশা ঃ মধ্যরাত থেকে সকাল পর্যন্ত সারাদেশে মাঝারী থেকে ঘন কুয়াশা পড়তে পারে এবং কোথাও কোথাও তা দুপুর পর্যন্ত অব্যাহত থাকতে পারে।

শৈত্য প্রবাহ ঃ সাতক্ষীরা, যশোর, কুষ্টিয়া, টাঙ্গাইল, মাদারীপুর, ও গোপালগঞ্জ অঞ্চলসহ রংপুর ও রাজশাহী বিভাগের উপর দিয়ে মৃদু থেকে মাঝারী ধরনের শৈত্য প্রবাহ বয়ে যাচ্ছে। বিরাজমান শৈত্য প্রবাহ পরিস্থিতি দশের আরও কিছু এলাকা থেকে প্রশমিত হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে রাত এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**দেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস) ছিল নিম্নরুপ:**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্রগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ২০.৫ | ১৯.০ | ২৫.৭ | ২২.০ | ১৯.৬ | ১৮.৬ | ২১.০ | ২৪.০ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ৯.২ | ১৩.৫ | ১১.৫ | ১২.৬ | ৯.০ | ৭.৫ | ৭.২ | ১১.০ |

দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল কক্সবাজার ২৫.৭° এবং সর্বনিম্ন যশোর ৭.২° সেঃ

বিরাজমান শৈত্য প্রবাহে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কার্যক্রমঃ

- দেশে চলমান শৈত্য প্রবাহকালীন শীতার্তদের মাঝে কম্বল ও শুকনা খাবার বিতরণসহ সার্বিক কার্যক্রম সমন্বয়ের জন্য গাইবান্ধা, নাটোর, বগুড়া, দিনাজপুর, ঠাকুরগাঁও, নওগাঁ, যশোর, রংপুর, নীলফামারী, মেহেরপুর, রাজশাহী, ঝিনাইদহ, পঞ্চগড়, জয়পুরহাট, কুষ্টিয়া, কুড়িগ্রাম, চুয়াডাংগা, লালমনিরহাট, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা জেলায় কন্ট্রোল রুম স্থাপনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে নির্দেশ প্রদান করা হয়। সে অনুযায়ী উক্ত জেলাগুলোতে কন্ট্রোল রুম স্থাপন করা হয়েছে।

- গাইবান্ধা, নাটোর, বগুড়া, দিনাজপুর, ঠাকুরগাঁও, নওগাঁ, যশোর, রংপুর, নীলফামারী, মেহেরপুর, রাজশাহী, ঝিনাইদহ, পঞ্চগড়, জয়পুরহাট, কুষ্টিয়া, কুড়িগ্রাম, চুয়াডাংগা, লালমনিরহাট, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা জেরার জেলা প্রশাসক/জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার সাথে টেলিফোনে যোগাযোগ করা হয়েছে। জেলাগুলোতে শীতের তীব্রতা সামান্য কমেছে বলে জানা যায়। দুঃস্থ ও অসহায় শীতার্ত জনগণের মধ্যে কম্বল ও শুকনা খাবার বিতরণ কার্যক্রম চলছে।

- দেশে চলমান শৈত্য প্রবাহকালীন শীতার্ত মানুষের মাঝে কম্বল ও শুকনা খাবার বিতরণের নিমিত্ত দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ২ জন অতিরিক্ত সচিব, ৬ জন যুগ্ম-সচিব এবং উপ-সচিব ও পরিচালকসহ মোট ২০ জন কর্মকর্তাকে শীত প্রবন ২০ জেলায় দায়িত্ব প্রদান করা হয়েছে। কর্মকর্তাগণ সংশ্লিষ্ট জেলায় অবস্থান করে শীতার্ত মানুষের মাঝে কম্বল ও শুকনা খাবার বিতরণসহ ত্রাণ কার্যক্রম নিশ্চিতের নিমিত্তে তদারকি ও সমন্বয় করছেন।

- সকল জেলার ত্রাণ বিতরণ সমন্বয়কারী হিসেবে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ ফয়জুর রহমান এবং জনাব সত্যব্রত সাহা দায়িত্ব পালন করছেন।

শীতের কারণে মৃত ও আহতঃ

- রংপুরঃ জেলা প্রশাসক, রংপুর জানান যে, গত ১১/১/২০১৮খ্রিঃ তারিখ রাতে তীব্র শীতে আগুণ পোহাতে গিয়ে অসাবধানতার কারণে ৮০ বছরের একজন বৃদ্ধ এবং ১২/১/২০১৮খ্রিঃ তারিখে আগুন পোহাতে গিয়ে অসাবধানতার কারণে ৩০ বছরের একজন মহিলা অগ্নিদগ্ধ হয়ে মারা যায় গিয়েছে। মৃত ব্যক্তিদ্বয়ের পরিবারকে সরকারী ত্রাণ সহায়তা প্রদানের প্রক্রিয়া চলছে।

- কুড়িগ্রামঃ জেলা প্রশাসক, কুড়িগ্রাম জানান যে, গত কয়েকদিনে কুড়িগ্রাম জেলায় শীতের তীব্রতার কারণে আগুন পোহাতে গিয়ে অসাবধানতা বশতঃ অগ্নিদগ্ধ হয়ে ১ জন মৃত্যুবরণ করেছেন এবং ৫ জন অগ্নিদগ্ধ হয়ে আহত অবস্থায় রংপুর হাসপাতালে চিকিৎসাধীন আছে। মৃত ব্যক্তির পরিবারকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। আহত ৫জন ব্যক্তিকে সহায়তা প্রদানের প্রক্রিয়া চলছে।

- লালমনিরহাটঃ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, লালমনিরহাট জানান যে, জেলার সদর উপজেলায় ৫৫-৬০ বছর বয়সের একজন মহিলা আগুন পোহাতে গিয়ে অসাবধানতা বশতঃ আহত হয়েছে। হাসপাতালে নিয়ে চিকিৎসা দেয়া হয়েছে। সরকারি ত্রাণ সহায়তা প্রদানের প্রক্রিয়া চলছে।

** শীতার্ত জনগণের মধ্যে বিতরণের জন্য ৬৪ জেলায় মোট কম্বল, শাড়ী, লুংগী ও শুকনা খাবার বরাদ্দের বিবরণঃ

| | কম্বল (পিস) | শাড়ী (পিস) | লুংগী (পিস) | শুকনা খাবার (প্যাকেট) |
|---|---|---|---|---|
| প্রধানমন্ত্রীর কার্যালয় হতে | ১৭,৯৯,৭৫০ | ৫,৯৭৫ | ৫,৯৯০ | - |
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে | ১০,১১,১০০ | - | - | ৮০,০০০ |

এছাড়াও দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে ১০/০১/২০১৮খ্রিঃ তারিখ একজন মাননীয় মন্ত্রী, একজন মাননীয় প্রতিমন্ত্রী এবং ১৫ জন মাননীয় সংসদ সদস্যের ডিও পত্রের প্রেক্ষিতে দুঃস্থ ও অসহায় শীতার্ত পরিবারের মধ্যে বিতরণের লক্ষ্যে মোট ৪১০০ পিস কম্বল বরাদ্দ করা হয়েছে।

উপরে উল্লেখিত বরাদ্দের মধ্যে তীব্র শীতে আক্রান্ত ২০ জেলায় কম্বল ও শুকনা খাবার বরাদ্দ ও বিতরণের বিবরণীঃ

| ক্রঃ নং | জেলার নাম | কম্বল | | শুকনা খাবার | |
|---|---|---|---|---|---|
| | | বরাদ্দ | বিতরণ | বরাদ্দ | বিতরণ |
| ১ | গাইবান্ধা | ৬১৪৯৫ | ৬১৪৯৫ | ৪০০০ | ৪০০০ |
| ২ | নাটোর | ৪৬০০০ | ৪৬০০০ | ৪০০০ | ২০০০ |
| ৩ | বগুড়া | ৬৭৯৫১ | ৬১১৮৫ | ৪০০০ | ২০০০ |
| ৪ | দিনাজপুর | ৭৯৪৭০ | ৭৭৪৭০ | ৪০০০ | ৩০০০ |
| ৫ | ঠাকুরগাঁও | ৩৯১৭৭ | ৩৯১৭৭ | ৪০০০ | ২০০০ |
| ৬ | নওগাঁ | ৫৮৮২৮ | ৫৮৮২৮ | ৪০০০ | ২০০০ |
| ৭ | যশোর | ৫৯২৭০ | ৫৯২৭০ | ৪০০০ | ৩০০০ |
| ৮ | রংপুর | ৫৯৭১৪ | ৫৪৭১৪ | ৪০০০ | ৩০০০ |
| ৯ | নীলফামারী | ৪৬৯৩৭ | ৪৬৯৩৭ | ৪০০০ | ২০০০ |
| ১০ | মেহেরপুর | ১৩৮১৭ | ১২৮৯৯ | ৪০০০ | ১০০০ |
| ১১ | রাজশাহী | ৫৭১৬৩ | ৫৭১৬৩ | ৪০০০ | ২০০০ |
| ১২ | ঝিনাইদহ | ৩৬০৯৫ | ৩৬০৯৫ | ৪০০০ | ৪০০০ |
| ১৩ | পঞ্চগড় | ৩৩৬৮৫ | ৩২৩৮৫ | ৪০০০ | ২০০০ |
| ১৪ | জয়পুরহাট | ২৯৯৮৬ | ২৭৫৮৬ | ৪০০০ | ৫৫০ |
| ১৫ | কুষ্টিয়া | ৩০০৬৭ | ২৯৩৬৭ | ৪০০০ | ৩০০০ |
| ১৬ | কুড়িগ্রাম | ৬২০৫৫ | ৬২০৫৫ | ৪০০০ | ২০০০ |
| ১৭ | চুয়াডাংগা | ২২৯১৩ | ২২৯১৩ | ৪০০০ | ১০০০ |
| ১৮ | লালমনিরহাট | ৩৬৯২১ | ৩৬৯২১ | ৪০০০ | ৩০০০ |
| ১৯ | চাঁপাইনবাবগঞ্জ | ৩৭৪৫৭ | ৩৫০০০ | ৪০০০ | ৪২০ |
| ২০ | পাবনা | ৫৫৪০৬ | ৫৫৪০৬ | ৪০০০ | ৩০০০ |
| | মোট | ৯৩৪৪০৭ | ৯১২৮৬৬ | ৮০০০০ | ৪৪৯৭০ |

**অগ্নিকান্ড** (তথ্য- ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর কন্ট্রোল রুম): আজ দেশের কোথাও থেকে অগ্নিকান্ডের কোন সংবাদ পাওয়া যায় নাই।

(জি এম আব্দুল কাদের)
যুগ্ম-সচিব (এনডিআরসিসি)
ফোন: ৯৫৪৫১১৫

**সদয় অবগতি/ প্রয়োজনীয় কার্যার্থেঃ (জ্যেষ্ঠতা /পদ মর্যাদার ক্রমানুসারে নয়**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন/ পরিকল্পনা ও উন্নয়ন/দুর্যোগ ব্যবস্থাপনা প্রশাসন/দুব্যঃ/ত্রাণ/ত্রাণ প্রশাসন/ দুব্যক-২/সমন্বয় ও সংসদ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
০৮। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, বা/এ, মহাখালী, ঢাকা।
০৯। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১১। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১২। যুগ্ম সচিব (শরনার্থী সেল প্রধান /প্রশাঃ/ সেবা/দুব্যক-১/প্রশিক্ষণ/ আইন সেল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৩। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১৪। উপ-সচিব (দুব্যক-১/দুব্যক-২/প্রশাঃ/বাজেট/অডিট/ত্রাণ প্রশাঃ/ত্রাণ-১/ত্রাণ-২)/উপ-প্রধান, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৫। সিস্টেম এনালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
১৬। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৭। মন্ত্রীর সহকারী একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

দুর্যোগ পরিস্থিতি মনিটরিং করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের NDRCC (জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র) ২৪ ঘন্টা (৭x২৪) খোলা আছে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য NDRCC'র নিম্নবর্ণিত টেলিফোন/ ফ্যাক্স/ email নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ NDRCC'র টেলিফোন নম্বরঃ, **উপসচিব(এনডিআরসিসি), ০১৫৩৬-২৩৯২৬০,** ৯৫৪৫১১৫, ৯৫৪৯১১৬, ৯৫৪০৪৫৪; **ফ্যাক্স নম্বরঃ ৯৫৪০৫৬৭, ৯৫৭৫০০০**। EMAIL: ndrcc@modmr.gov.bd/ ndrcc.dmrd@gmail.com,